[illegible]

[illegible]

Job Category: Teaching/Academics

Job Source: [illegible]

Job Summary

Posted On: 17 Aug 2025

Application Deadline:7 Sep 2025

বেপজা পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম
BEPZA PUBLIC SCHOOL & COLLEGE, KARNAPHULI EPZ, CHATTOGRAM

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪
স্থাপিত: ২০১৫ ইং
বিদ্যালয় কোড: ৩১৬২, **EIIN: ১০৪২৪৯**

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: **BPSCK-51/2025** তারিখ: ০৩ আগষ্ট ২০২৫

বেপজা পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রামে নিম্নোক্ত পদে জনবল নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	১/৮/২০২৫ তারিখে বয়স	শিক্ষাগতযোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী শিক্ষক (অস্থায়ী চুক্তিভিত্তিক)- প্রাথমিক শাখা-সর্বসাকুল্যে- ১৩,০০০/-	২জন	৩৫ বছর (অনুর্ধ্ব)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রী।
০২	সহকারী লাইব্রেরিয়ান (অস্থায়ী চুক্তিভিত্তিক) সর্বসাকুল্যে- ১৭,০০০/-	১জন	৩৫ বছর (অনুর্ধ্ব)	স্বীকৃত বিশ্ব বিদ্যালয় হতে স্নাতকসহ লাইব্রেরি বিষয়ে ডিপ্লোমা।
০৩	হিসাব সহকারী (স্থায়ী) স্কেলঃ ১০২০০-২৪৬৮০/-	১জন	৩৫ বছর (অনুর্ধ্ব)	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য শাখার স্নাতক/সমমান ডিগ্রী। খ। টাইপিং গতি বাংলা প্রতি মিনিট ২৫ শব্দ এবং ইংরেজি প্রতি মিনিট ৩০ শব্দ গ। কম্পিউটারে দক্ষতা: **MS Word, MS Excel, MS Access, MS Power Point & Internet.** ঘ। সংশ্লিষ্ট কাজে ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।

শর্তাবলী:

০১. চাকুরীর নির্ধারিত আবেদন ফরমে আবেদন ও জীবন বৃত্তান্ত আগামী ০৭ সেপ্টেম্বর ২০২৫ ইং (রবিবার) তারিখের মধ্যে ডাকযোগে সদস্য সচিব, বেপজা পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম-৪২০৪, বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরম বেপজার ওয়েবসাইট **www.bepza.gov.bd** থেকে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য যে, খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।

০২. বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩. চাকুরীরত প্রার্থীদের বেলায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪. অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। প্রাথমিক বাছাই এর পর বোর্ডের বিবেচনায় কেবলমাত্র সর্বাধিক উপযুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক অথবা উভয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য পত্র মারফত জানানো হবে।

০৫. আবেদনের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগতযোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের কপি এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

০৬ বেপজা পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম -৪২০৪ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে স্থায়ী পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

০৭. কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে বোর্ড যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি ফেরতযোগ্য নয়। নিয়োগ প্রক্রিয়ায় বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮. প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯. কোন তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

০৩/আগস্ট/২০২৫

মেজর মোঃ আনোয়ারুল কবীর (অবঃ)
সদস্য-সচিব
বেপজা পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম।

নং- ২০২৫০৮০৮০১৬ডি